

# প্রস্তুতিমূলক পরীক্ষা-১

শ্রেণি: নবম

বিষয়: ব্যবসায় উদ্যোগ, অধ্যয়:১ (ব্যবসায় পরিচিতি) এবং অধ্যয়:২ (ব্যবসায় উদ্যোগ ও উদ্যোগ্তা)  
সময়: 75 মিনিট

পূর্ণমান: ৩০

বহুনির্বাচনি অভীক্ষা

(সঠিক উত্তরটি চিহ্নিত করো।)

১। মানুষের জীবন সহজ ও আরামদায়ক করে তোলে

কোন শিল্প?

(ক) উৎপাদন (খ) সেবা (গ) প্রজনন (ঘ) নিষ্কাশন

২। সামাজিক পরিবেশের উপাদান হলো-

i . ঐতিহ্য ii . মানব সম্পদ iii . ভোক্তা আইন  
কোনটি সঠিক?

(ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

৩। ডব্লিউ ডব্লিউ হান্টার কে ছিলেন?

(ক) রাজনৈতিক নেতা (খ) ব্যবসায়ী

(গ) উদ্যোগ্তা (ঘ) ইতিহাসবিদ

৪। ব্যবসায় হলো-

i . পণ্য ও সেবাকর্ম উৎপাদন ii . পরিবারের জন্য  
ধান চাষ iii . মুনাফার আশায় মৎস্য চাষ

কোনটি সঠিক?

(ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাওঃ  
বরকত গ্রামে একটি মুদি দোকান চালায়। সে জেলা শহর  
থেকে মালামাল কিনে দোকানে বিক্রি করে। পুঁজি কম  
থাকায় বেশি পণ্য একত্রে আনতে পারে না। এজন্য বার  
বার পণ্য কিনতে জেলায় যাওয়ায় তার বিভিন্ন সমস্যা হয়।  
সে মনে করে পুঁজি বেশি থাকলে সে সমস্যা কাটিয়ে  
উঠতে পারতো।

৫। বরকত বাণিজ্যের কোন ধরনের বাধা দূর করে?

(ক) তথ্যগত (খ) ঝুঁকিগত (গ) সময়গত (ঘ)  
স্থানগত

৬। বারবার জেলাতে পণ্য কিনতে যাওয়ায় বরকতের  
যে সমস্যা হয়, তা হলো-

i . পরিবহন ব্যয় বাঢ়ে ii . কম পণ্য কেনায় দাম  
বেশি পড়ে iii . মাঝে-মাঝে দোকান বন্ধ রাখতে হয়  
কোনটি সঠিক?

(ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

৭। ব্যবসায়ের ক্রমবিকাশে মধ্যযুগের পর্যায় কোনটি?

(ক) দ্রব্য বিনিয় খ) শিল্প বিপ্লব  
(গ) কাগজি মুদ্রার প্রচলন (ঘ) কৃষিকার্য

উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাওঃ  
হেনাদের একটি নার্সারি আছে। সেখানে তারা বিভিন্ন  
প্রকার ফুল ও ফলের চারা উৎপাদন করে। তাদের বাড়ির  
মাটি চারাগাছ উৎপাদন ও লালনের জন্যও উপযুক্ত।  
নার্সারিটি পুরুরের নিকট হওয়ায় পানিও সবসময় পাওয়া  
যায়। ফলে নার্সারির চারাগাছগুলোর মানও বেশ ভালো।

৮। হেনাদের নার্সারিটি কোন ধরনের শিল্প?

(ক) উৎপাদন (খ) নির্মাণ (গ) সেবা (ঘ) প্রজনন

৯। হেনাদের নার্সারির চারাগাছগুলোর মান উন্নত  
হওয়ার পেছনে প্রধান কারণ কোনটি?

(ক) সামাজিক (খ) প্রাকৃতিক (গ) অর্থনৈতিক  
(ঘ) সাংস্কৃতিক

১০। কোন বন্দরকে Porto Piqueno নামে অভিহিত  
করা হতো?

(ক) চট্টগ্রাম (খ) সপ্তগ্রাম (গ) সোনারগাঁও  
(ঘ) হালিশহর

১১। ব্যবসায়ের মাধ্যমে সহজ হয়-

i . সম্পদের যথাযথ ব্যবহার

ii . দেশের অর্থনৈতিক উন্নয়ন

iii . তেল ও গ্যাস উত্তোলন

কোনটি সঠিক?

(ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

১২। ব্যবসায় টু ব্যবসায় বলা হয় কোনটিকে?

(ক) শিল্প (খ) তথ্য (গ) বাণিজ্য (ঘ) পেশা

১৩। হরতাল কোন পরিবেশের উপাদান?

(ক) রাজনৈতিক (খ) সামাজিক

(গ) অর্থনৈতিক (ঘ) আইনগত

১৪। কোন সম্বাট চট্টগ্রামের জাহাজ পছন্দ করতেন?

(ক) মোগল (খ) রোমান (গ) গ্রীক (ঘ) মৌর্য

১৫। ব্যবসায় যে ক্ষেত্রে ভূমিকা পালন করে তা হলো-

i . মূলধন গঠনে ii . প্রযুক্তি ও গবেষণা উন্নয়নে

iii . সূজনশীলতা বিকাশে

কোনটি সঠিক?

(ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

- ১৬। বিদ্যুৎ, গ্যাস ও ঘাতায়াত কী ধরনের সুবিধা?  
 (ক) অবকাঠামোগত (খ) সরকারি  
 পৃষ্ঠপোষকতা  
 (গ) আর্থ-সামাজিক (ঘ) আইনশৃঙ্খলা

উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাওঃ

ব্যস্ততম শহর সিলেটের স্টাইল ভিড় বুটিক হাউজের মালিক কোহিনুর অনার্স ফাইনাল পরীক্ষা দেওয়ার সময় সংসারের প্রয়োজনে পার্টটাইম চাকরি নিয়েছিল। সামান্য পুঁজি নিয়ে তিনি আজ সফল উদ্যোগ্তার তালিকায় নাম লিখিয়েছেন। তার প্রতিষ্ঠানে ৪৫ জন লোকের কর্মের সংস্থান হয়েছে।

১৭। দেশকে এগিয়ে নিতে কোহিনুরের মতো উদ্যোগ্তারা ভূমিকা রাখেন-

- i. কর্মসংস্থান তৈরির মাধ্যমে ii. গ্রামীণ অবকাঠামো  
 উন্নয়নে iii. জীবনবন্ধাত্রার মান উন্নয়নে  
 কোনটি সঠিক?  
 (ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

১৮। কোহিনুরের মধ্যে সফল উদ্যোগ্তার যে গুণ পরিলক্ষিত হয়-

- (ক) পরিবারের সচলতা (খ) শিক্ষাগত  
 যোগ্যতা

(গ) কঠোর পরিশ্রম করার ক্ষমতা (ঘ) জানার আগ্রহ

১৯। কোনটি শিল্পাদ্যোগ?  
 (ক) বাণিজ্যিকভিত্তিতে হাঁস-মুরগির চাষ

(খ) মুদি দোকান প্রতিষ্ঠার উদ্যোগ  
 (গ) শেয়ার ব্যবসায়ের উদ্যোগ

(ঘ) সাবান প্রস্তুত প্রতিষ্ঠানের স্থাপনের উদ্যোগ

২০। সফল উদ্যোগ্তা কিসের মাধ্যমে সিদ্ধান্ত নেন?  
 (ক) মোকাবিলার সাহায্যে (খ) চ্যালেঞ্জের মাধ্যমে

(গ) বিচার-বিশ্লেষণের মাধ্যমে (ঘ) একাগ্রতার  
 সাহায্যে

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাওঃ

শোভন সামান্য পুঁজি নিয়ে ব্যবসায় শুরু করেন। তিনি অধ্যবসায়ের মাধ্যমেই একজন সার্থক উদ্যোগ্তা ও অন্যতম ধনাত্য ব্যক্তিতে পরিণত হন। কোনো কাজেই তিনি হতাশ হতেন না।

২১। হতাশ হতেন না বলতে শোভনের কোন গুণটি প্রকাশ পেয়েছে?

- (ক) আত্মবিশ্বাসী (খ) স্বাধীনতা (গ) নির্ণয় (ঘ)  
 সৃজনশীলতা

২২। শোভনের সফল হওয়ার কারণ-

- i. ব্যবসায়ের প্রতি একাগ্রতা ii. কঠোর পরিশ্রম  
 iii. আন্তরিকতা  
 কোনটি সঠিক?(ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

২৩। ব্যবসায়ে একজন ব্যর্থ হলে করণীয় হলো-

- i. ব্যর্থতার কারণগুলো বিশ্লেষণ ii. ব্যর্থতা থেকে শিক্ষা নিয়ে নতুন উদ্যোগে কাজ শুরু করা iii.  
 প্রকল্প পরিবর্তন  
 কোনটি সঠিক?

- (ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

২৪। আমাদের দেশের শিক্ষাব্যবস্থা সাধারণত কিসের  
 ওপর প্রতিষ্ঠিত?

- (ক) লিখিত ও মৌখিক (খ) কারিগরি ও  
 বৃত্তিমূলক  
 (গ) মুখস্থনির্ভর ও তাত্ত্বিক (ঘ) বাস্তবভিত্তিক

২৫। ব্যবসায় উদ্যোগের সাথে কিসের সম্পর্ক  
 বিদ্যমান?

- (ক) অর্থ (খ) ঝুঁকি (গ) পরিচালনা (ঘ)  
 উদ্যোগ্তার

২৬। ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণে উপায়-

- i. প্রশিক্ষণ ii. বৃত্তিমূলক শিক্ষার iii. তাত্ত্বিক জ্ঞান  
 কোনটি সঠিক?

- (ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

২৭। কর মওকুফ কোন ধরনের সুবিধা?

- (ক) সামাজিক (খ) অর্থনৈতিক (গ) বেসরকারি (ঘ)  
 সরকারি

২৮। উদ্যোগ্তাগণ জন্মগতভাবে কী?

- (ক) শিল্পাদ্যোগ্তা (খ) বিজ্ঞানী (গ) উদ্যোগ্তা (ঘ)  
 কৌতুহলী

২৯। নতুন শিল্প স্থাপনের মাধ্যমে সম্ভব হয়-

- i. বিনিয়োগ বাড়ানো ii. সম্পদের সুষ্ঠু ব্যবহার  
 iii. ঝুঁকি কমানো

কোনটি সঠিক?

- (ক)i,ii (খ)i,iii (গ)ii,iii (ঘ)i,ii,iii

৩০। ব্যবসায়ের ক্ষতির আশঙ্কাকে কী বলে?

- (ক) ক্ষতি (খ) মুনাফা (গ) ঝুঁকি (ঘ) অর্থ

## সূজনশীল

১। পাবনা জেলার টিশুরদী অঞ্চলে প্রচুর পরিমাণে আখ জন্মে। জনাব রবি ও তার বন্ধুরা এ অঞ্চলে আখের গুড় তৈরির কারখানা প্রতিষ্ঠা করে বিশাল আকারে উৎপাদন শুরু করেন। তাদের উৎপাদিত আখের গুড় জেলার বড় শহরগুলোসহ ঢাকা ও দেশের অন্যান্য স্থানে সঠিক সময়ে পৌঁছে যায়। ফলে তারা সন্তোষজনক মুনাফা অর্জনে সক্ষম হচ্ছিল। কিন্তু হঠাৎ দেশে মহামারী করোনা ভাইরাস দেখা দেওয়ায় তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড বিপ্লিত হচ্ছে।

ক। ব্যবসায় কী?

১

খ। বাণিজ্য বলতে কী বুঝায়?

২

গ। পাবনা জেলার টিশুরদী অঞ্চলের জনাব রবি ও তার বন্ধুদের উৎপাদিত আখের গুড় ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? – ব্যাখ্যা করো।

৩

ঘ। কোন ব্যবসায়িক পরিবেশের কারণে জনাব রবি ও তার বন্ধুদের ব্যবসায়িক কর্মকাণ্ড বিপ্লিত হচ্ছে? - ব্যাখ্যা করো।

৪

২। সাতক্ষীরাতে জনাব ইলিয়াস একটি চিংড়ির ঘের প্রতিষ্ঠা করেন। আগে থেকে চিংড়ির ঘের সম্পর্কে ধারণা না থাকায় তিনি প্রথমদিকে লোকসানের সম্মুখীন হন। পরবর্তীতে চিংড়ি চাষের ওপর প্রশিক্ষণ নিয়ে নতুন উদ্যমে ব্যবসায়ে মনোনিবেশ করেন। বর্তমানে তিনি চারটি চিংড়ির ঘেরের মালিক। বর্তমানে তিনি ইউরোপে চিংড়ি রপ্তানি করেন।

ক। ব্যবসায় উদ্যোগের প্রথম ফলাফল কোনটি?

১

খ। সরকারি পৃষ্ঠাপোষকতা বলতে কী বুঝায়?

২

গ। ব্যবসায় সম্প্রসারণে জনাব ইলিয়াসের মধ্যে কোন গুণটি প্রতিফলিত হয়? - ব্যাখ্যা করো।

৩

ঘ। জনাব ইলিয়াসের ব্যবসায় সফলতার কারণ বিশ্লেষণ করো।

৪